অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/11/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 2020 অর্থবছর (Fiscal Year, FY) এ অনুমোদিত বাজেটে লং আইল্যান্ডের উল্লেখযোগ্য বরাদ্দসমূহ ঘোষণা করেছেন

সম্পত্তির ট্যাক্স ক্যাপ স্থায়ী করে – ট্যাক্স ক্যাপ আগামী 10 বছরে লং আইল্যান্ডের বাসিন্দাদের 76 বিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করবে

ব্যয় 2% এ সীমিত রাখে এবং মধ্যবিত্তদের জন্য কর হ্রাস করে – কর হ্রাস করার দ্বিতীয় বছরে লং আইল্যান্ডের বাসিন্দাদের গড়ে 382 মার্কিন ডলার সাশ্রয় হবে

ফাউন্ডেশন এইড এ 48 মিলিয়ন মার্কিন ডলারসহ লং আইল্যান্ডের স্কুল সহায়তা 124.6 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি করে এবং দরিদ্রতম স্কুলসমূহের জন্য অর্থায়ন বৃদ্ধি করার মাধ্যমে শিক্ষায় সমতার উন্নয়ন ঘটায়

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ আর্থিক বছর 2020 এর বাজেটে লং আইল্যান্ডের মূল বিষয়গুলি ঘোষণা করেছেন। গভর্নরের 2019 সালের ন্যায় কর্মসূচীর উপর ভিত্তি করে এই বাজেট, সবার জন্য সামাজিক ও অর্থনৈতিক ন্যায়বিচার নিশ্চিত করার জন্য বিস্তৃত বিধানসমূহ প্রদান করে, ওয়াশিংটনের অবিরত ফেডারেল বঞ্চনাসমূহ থেকে নিউ ইয়র্কবাসীদের এবং মধ্যবিত্তদের উপর আক্রমণ থেকে সুরক্ষা প্রদান করে, শিক্ষা সংক্রান্ত অর্থায়ন বৃদ্ধি করে, রাজ্যের ফৌজদারি বিচার ব্যবস্থার সংস্কার করে, অবিরত শক্তিশালী নারী কর্মসূচীর এজেন্ডার প্রতি নিউ ইয়র্কের অঙ্গীকারবদ্ধতাকে সমর্থন করে, এবং নিউ ইয়র্কের 21তম শতাব্দীর প্রয়োজনগুলি পূরণ করার জন্য গুরুত্বপূর্ণ পরিকাঠামো প্রকল্পগুলিতে বিনিয়োগকে অগ্রাধিকার দেয়। ধারাবাহিকভাবে নবম বছরে, বাজেটটি ভারসাম্যপূর্ণ এবং ব্যয়ের বৃদ্ধি 2% এ ধরে রেখেছে।

"এই বছরের বাজেট আমাদের অগ্রগতি এবং লং আইল্যান্ডের ব্যাপারে আমাদের গতিশীলতার উপর প্রণীত এবং এতে লং আইল্যান্ডের জন্য 18 বিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে—এযাবতকালের মধ্যে স্টেট কর্তৃক সবচেয়ে বেশি পরিমাণ অর্থ ফিরিয়ে আনা হয়েছে এবং আমরা এর জন্য গর্বিত", **গভর্নর কুওমো বলেন।** "তীরটি সঠিক লক্ষ্য বস্তুর দিকেই রয়েছে, আমরা লং আইল্যান্ডে ইতিহাসের সবচেয়ে বেশি সংখ্যক কর্মসংস্থান সৃষ্টি করেছি এবং সমগ্র বোর্ডে ট্যাক্স কমিয়ে আনা হয়েছে। সবকিছুই সঠিক কক্ষপথে রয়েছে এবং আমাদেরকে শুধু এটি বজায় রাখতে হবে। আমাদের সঠিক পরিকল্পনা রয়েছে, আমরা পরিকল্পনাটি বাস্তবায়ন করছি এবং আমরা যেকোনো সময়ের চেয়ে উজ্জ্বলতর ভবিষ্যৎ সমৃদ্ধ লং আইল্যান্ডের জন্য একত্রে কাজ করছি।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "সম্পত্তির ট্যাক্স ক্যাপ স্থায়ী করার ফলে নিউ ইয়র্ক স্টেটের বাড়ি ও ব্যবসার মালিকগণ উপকৃত হবেন এবং পরবর্তী দশকে এটি করদাতাদের প্রায় 190 বিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করবে। আমাদের নতুন সিনেটের সংখ্যাগরিষ্ঠ ডেমোক্রেটিকগণ এই আইনসভার অধিবেশনের প্রথমদিকে একটি স্থায়ী সম্পত্তির ট্যাক্স ক্যাপ পাশ করেছেন এবং আমাদের ওয়ান হাউজ বাজেট রেজ্যুলেশনে এই গুরুত্বপূর্ণ অগ্রাধিকারটি অন্তর্ভুক্ত করেছেন। আমি আনন্দিত যে স্টেটের চূড়ান্ত বাজেটে এই সম্পত্তির ট্যাক্স ক্যাপকে স্থায়ী করা হয়েছে এবং সিনেটের সংখ্যাগরিষ্ঠ ডেমোক্রেটিকগণ এই ঐতিহাসিক অর্জনের পক্ষে সর্বসম্মতিক্রমে ভোট দিয়েছেন। আমি নিউ ইয়র্কের কঠোর পরিশ্রমী অধিবাসীদেরকে অর্থবহভাবে ট্যাক্স থেকে অব্যাহতি দিতে অব্যাহতভাবে কাজ করার জন্য অধীর হয়ে আছি।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "এই অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ সদস্যগণ পরিবারসমূহকে সবার আগে রাখার জন্য এবং লং আইল্যান্ডে ও সমগ্র স্টেটে আমাদের সবচেয়ে অরক্ষিত জনগণের চাহিদাবলি পূরণ করার জন্য অঙ্গীকারবদ্ধ। আমরা যেসকল আর্থিক চ্যালেঞ্জ মোকাবেলা করছি সেগুলো সত্ত্বেও এই বছরের বাজেটে আমরা শিক্ষা সহায়তায় 1 বিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি করার মাধ্যমে আমাদের ভবিষ্যতের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিনিয়োগ করেছি এবং উচ্চ শিক্ষার জন্য অধিকতর সাশ্রয়ী মাধ্যমসমূহ সৃষ্টি করছি। আমরা মেডিকেয়ার ও মেডিকেইডের জন্য অর্থায়ন পূর্বাবস্থায় ফিরিয়ে এনেছি যাতে নিউ ইয়র্কের অধিবাসীরা তাদের প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ পরিষেবাসমূহ গ্রহণ করতে পারে। আমরা প্লাস্টিকের ব্যাগ নিষিদ্ধ করা ও বিশুদ্ধ পানির অবকাঠামোগত প্রকল্পসমূহে 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করার মাধ্যমে আমাদের জলপথসমূহ এবং পরিবেশ সুরক্ষিত করেছি। নিউ ইয়র্ক স্টেটকে সামনে এগিয়ে নেওয়া অব্যাহত রাখতে আমরা যে অগ্রগতি অর্জন করেছি তা ধরে রাখার প্রত্যাশা করছি।"

সেনেটর জন ব্রুকস বলেন, "আমি গর্বিত যে নিউ ইয়র্ক সিনেটে আমরা স্টেট বাজেট প্রদানে গভর্নর কুওমোর সাথে অত্যন্ত ঘনিষ্টভাবে কাজ করতে সক্ষম হয়েছিলাম যা লং আইল্যান্ডের জন্য বিপুল পরিমাণে সুযোগ সুবিধা তৈরি করেছে। যাহোক, আমি সমগ্র স্টেটের উপর চেপে থাকা মাত্রাতিরিক্ত আবাসিক সম্পত্তির ট্যাক্স দূর করার জন্য অব্যাহত প্রচেষ্টার প্রয়োজনীয়তাকে সম্পূর্ণরূপে উপলব্ধি করছি। এছাড়াও আমাদেরকে অবশ্যই জেনে রাখতে হবে যে এই বাজেট অধিবেশনে আমাদেরকে নতুন ফেডারেল ট্যাক্স আইনসমূহকে বিবেচনা করতে হয়েছিল যেগুলো আমাদের মধ্যবিত্ত জনগণের উপর নেতিবাচক প্রভাব বিস্তার করছে এবং এর ফলে ফেডারেল সরকারকে অতিরিক্ত 15 বিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে। তথাপি গভর্নর কুওমোর সাথে আমাদের সম্পর্ককে ধন্যবাদ জানাই যার মাধ্যমে আমরা শিক্ষায় অর্থায়ন বৃদ্ধি করতে, অনেকগুলো পরিবেশগত উদ্বেগ শনাক্ত করতে এবং আমাদের ক্ষয়িষ্ণু গণ ট্রানজিট ব্যবস্থাসমূহের জন্য অতীব প্রয়োজনীয় অর্থায়ন প্রদান করার পদ্ধতি স্থাপন করতে সক্ষম হয়েছিলাম।"

সিনেটর জেমস গ্রগান বলেন, "আমি গর্ববোধ করছি যে স্টেটব্যাপী 1 বিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধির অংশ হিসেবে নতুন স্টেট বাজেট লং আইল্যান্ডের সরকারি স্কুলসমূহের জন্য রেকর্ড পরিমাণ অর্থায়ন প্রদান করবে। পরিষ্কার, নিরাপদ, সুপেয় পানির ব্যাপারে সহযোগিতা হিসেবে বিশুদ্ধ পানির অবকাঠামোর জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দের মাধ্যমে এই বাজেট আমাদের পরিবেশকে

অগ্রাধিকার প্রদান করেছে। লং আইল্যান্ডের সরকারি স্কুলসমূহ, পরিবেশ সুরক্ষা উদ্যোগসমূহ এবং আমাদের অর্থনীতিতে বিনিয়োগ করার জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই।"

সেনেটর আন্না এম. কাপলান বলেন, "নিউ ইয়র্কের করদাতাদের উপর ফেডারেল সরকারের আকস্মিক আঘাতের ফলে আয় হ্রাস পাওয়ায় এটি ছিল একটি কঠিন বাজেটের বছর, তবে লং আইল্যান্ডের অধিবাসীদের জন্য একটি সময়োপযোগী বাজেট পাশ করার ক্ষেত্রে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর পাশে দাঁড়াতে পেরে গর্বিত। একত্রে কাজ করার মাধ্যমে আমরা আমাদের স্কুলসমূহের জন্য রেকর্ড পরিমাণ অর্থায়ন করা, স্থানীয় ট্যাক্সের বোঝা হ্রাস করার মাধ্যমে সম্পত্তির ট্যাক্স ক্যাপ স্থায়ী করা, মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) ও লং আইল্যান্ড রেল রোড (Long Island Rail Road, LIRR) পুনর্গঠন করা, পরিবেশের সুরক্ষা করা এবং মাদকাসক্তির সংকট মোকাবেলা করার ক্ষেত্রে সফল হয়েছিলাম। এবং ব্যয়কে 2% ক্যাপের নিচে রাখার মাধ্যমে এই বাজেট রাজস্ব বিষয়ক দায়বদ্ধতার প্রয়োজনীয়তার ভারসাম্য বজায় রাখার পাশাপাশি আমাদের মূল্যবোধসমূহ সমুন্নত রেখেছে, যেটি এমন একটি বিষয় যার জন্য আমরা সবাই গর্ববোধ করতে পারি।"

সিনেটর মনিকা আর. মার্টিনেজ বলেন, "এটি একটি কঠিন অর্থবছর হওয়া সত্ত্বেও আমি শিক্ষাগত কর্মসূচি ও উদ্যোগসমূহে রেকর্ড পরিমাণ অর্থায়ন করতে পেরে গর্বিত, যেটি আমাদের শিক্ষার্থীদের প্রয়োজন এবং তাদের প্রাপ্য অধিকার। গৃহীত বাজেটে শিক্ষা সহায়তায় 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বৃদ্ধি অন্তর্ভুক্ত করেছে যে ডলারের মধ্য থেকে 34 মিলিয়ন মার্কিন ডলার সরাসরি থার্ড ডিস্ট্রিক্টের স্কুলসমূহে যাচ্ছে। সেইসাথে, আমরা পেশাগত প্রশাসনিক উন্নয়নের জন্য 475 হাজার মার্কিন ডলার এবং লং আইল্যান্ডের প্রি-কিন্ডারগার্টেন টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্স সেন্টারের জন্য 250,000 মার্কিন ডলার অন্তর্ভুক্ত করতে সক্ষম হয়েছিলাম যা শিক্ষাবিদগণকে আমাদের প্রি-স্কুল বয়সী শিশুদের জন্য একটি ফলপ্রসূ ও স্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টির জন্য প্রয়োজনীয় উপকরণ প্রদান করবে। আমরা মানসম্মত শিক্ষা প্রদানে স্কুলসমূহের জন্য অতীব প্রয়োজনীয় অর্থায়ন প্রদান করবো যা তাদের শিক্ষার্থীদেরকে সফল হতে এবং উন্নতি করতে সহায়তা করবে এবং এর মাধ্যমে আমরা অবশ্যই প্রতিটি শিশুর প্রতি আমাদের অঙ্গীকার বৃদ্ধি করা অব্যাহত রাখবো।"

সেনেটর কেভিন এস. পার্কার বলেন, "এমন একটি স্টেট বাজেট পাশ করার জন্য আমি গভর্নর কুওমোর প্রশংসা করছি যেটি অর্থনৈতিক প্রবৃদ্ধিতে বিনিয়োগ করছে এবং সকল লং আইল্যান্ড অধিবাসীর জীবন মানের উন্নয়ন করেছে। আমরা একসাথে মিলে আমাদের অবকাঠামো, ট্রানজিট সিস্টেম, পরিবেশ ও শিক্ষার সহায়তায় রেকর্ড পরিমাণ অর্থায়ন নিশ্চিত করতে পেরেছি। একটি স্থায়ী সম্পত্তি ট্যাক্স ক্যাপ অন্তর্ভুক্ত করার মাধ্যমে লং আইল্যান্ডের করদাতাদের কয়েক বিলিয়ন অর্থ সাশ্রয় করবে এবং অতীব প্রয়োজনীয় শিক্ষার্থী ঋণ আইন আর্থিক বোঝাকে সহজ করবে যে ঋণ নিউ ইয়র্কের হাজার হাজার অধিবাসী তাদের শিক্ষাকে এগিয়ে নেওয়ার জন্য প্রতি বছর গ্রহণ করে থাকে। আমি গভর্নর কুওমোর পাশে দাঁড়াতে পেরে গর্বিত, কেননা আমরা লং আইল্যান্ডকে একটি উজ্জ্বল ভবিষ্যৎ প্রদানের জন্য কাজ করছি।"

অ্যাসেম্বলি সদস্য অ্যান্থনি ডি'উরসো বলেন, "আমি আনন্দিত হয়েছি যে এই বাজেটে আমাদের সবচেয়ে অরক্ষিত জনগণের প্রতি মনোনিবেশ করা হয়েছে এবং সবার জন্য একটি স্বচ্ছ, অধিক

ন্যায়বিচারমূলক স্টেট তৈরিকে বাস্তব রূপদান করেছে যেখানে সুযোগ ও সফলতা গুটিকয়েক ভাগ্যবান মানুষের জন্য সংরক্ষিত থাকে না। আমরা আমাদের ফৌজদারি বিচার ব্যবস্থায় স্বচ্ছতা বৃদ্ধি করতে সক্ষম হয়েছি এবং সেইসাথে সরকারি স্কুলসমূহে অর্থায়ন বৃদ্ধি করেছি, পরিবেশ সংরক্ষণ করছি ও 2% সম্পত্তি ট্যাক্স ক্যাপ স্থায়ী করেছি। এছাড়াও আমরা আগাম ভোট দেওয়া ও আমাদের ভোট দেওয়ার ব্যবস্থা আধুনিকীকরণ পাশ করেছি। আমি আনন্দিত যে 2019-20 স্টেট বাজেটটি এ বছর ইতোমধ্যে অর্জিত ঐতিহাসিক অগ্রগতির উপর প্রণীত হয়েছে এবং পরিবারসমূহকে সবার আগে স্থান দেওয়ার অঙ্গীকারকে বাস্তব রূপদান করেছে।"

অ্যাসেম্বলি সদস্য স্টিভ এঙ্গলব্রাইট বলেন, "গভর্নর কুওমোর উপস্থাপনা ছিল উন্নয়নমূলক। এছাড়াও স্টেট এর একটি অলঙ্ঘনীয়ভাবে গুরুত্বপূর্ণ অংশ হিসেবে এটি ছিল লং আইল্যান্ডের ভবিষ্যতের একটি আগাম প্রদর্শনী যা গভর্নর ও আইনপ্রণেতা মূল্যায়ন করছেন এবং অব্যাহতভাবে সেখানে বিনিয়োগ করছেন। গভর্নরের বার্তা আমাদের আঞ্চলিক জীবনমান অব্যাহত রাখাকে আশ্বাস প্রদান করেছিল।"

অ্যাসেম্বলি সদস্য জুডি গ্রিফিন বলেন, "এই বছরের স্টেট বাজেট লং আইল্যান্ডকে একটি স্থায়ী ট্যাক্স ক্যাপ, স্থানীয় মিউনিসিপ্যালিটি সমূহের পুনর্জাগরণের মাধ্যমে অধিকতর সাশ্রয়ী হতে সহায়তা করেছে, রেকর্ড পরিমাণ স্কুল সহায়তা প্রদান করেছে, LIRR এর জন্য অর্থায়নকে অগ্রাধিকারভুক্ত করেছে এবং আমাদের পরিবেশকে রক্ষার জন্য পদক্ষেপ গ্রহণ করেছে। লং আইল্যান্ডকে অগ্রাধিকারভুক্ত করায় এবং লং আইল্যান্ডের অধিবাসীদের লং আইল্যান্ডে থাকা নিশ্চিত করায় আমি গভর্নর কুওমোর প্রশংসা করি।"

অ্যাসেম্বলি সদস্য চার্লস লেভিন বলেন, "স্টেটের বাজেটের মধ্যে অনেক মহৎ বিষয় রয়েছে যা অর্থনীতির উপর ইতিবাচক প্রভাব রাখবে এবং একটি উজ্জ্বল ও উন্নত ভবিষ্যৎ প্রদান করবে।"

অ্যাসেম্বলি সদস্য জেন পিয়েরে বলেন, "একটি রাজস্বগতভাবে চ্যালেঞ্জিং বছরে এই বছরের বাজেটে আমরা যা অর্জন করতে পেরেছি, বিশেষভাবে লং আইল্যান্ডের অধিবাসীদের জন্য, তার জন্য আমি গর্বিত। গভর্নর কুওমোর সাথে একত্রে কাজ করার মাধ্যমে আমরা লং আইল্যান্ড কমিউনিটিসমূহের জন্য গুরুত্বপূর্ণ বিনিয়োগ ও পদক্ষেপ সম্বলিত একটি সময়োপযোগী বাজেট পাশ করেছি, যার মধ্যে রয়েছে স্থানীয় স্কুলসমূহের জন্য অধিক অর্থায়ন, পরিবারবর্গের জন্য অধিকতর সাশ্রয়ী শিশু সেবা বিকল্পসমূহ এবং আমাদের বাসিন্দাদেরকে গুরুত্বপূর্ণ অব্যাহতি প্রদান করতে একটি স্থায়ী সম্পত্তি ট্যাক্স ক্যাপ। লং আইল্যান্ডের সর্বদা তার নায্য অংশ পাওয়া নিশ্চিত করতে গভর্নর কুওমোর সাথে কাজ করার জন্য আমি আগ্রহের সাথে অপেক্ষা করছি।"

অ্যাসেম্বলি সদস্য টেইলর রেনর বলেন, "যখন শিশুসেবা ও মানসপন্ন শিক্ষা অ্যাক্সেসযোগ্য থাকবে না তখন সেটি অর্থনৈতিক উন্নয়নকে পঙ্গু করে দিতে পারে। যখন অর্থনৈতিক উন্নয়ন না থাকে তখন দারিদ্রতা নেমে আসে। যেখানে দারিদ্রতা নেমে আসে সেখানে অপরাধ প্রবণতা সৃষ্টি হয়। এই বছরের বাজেটের মৌসুমটি ছিল তীব্র তবে আমি এটি জানাতে পেরে আনন্দিত যে আমরা রেকর্ড পরিমাণ স্কুল অর্থায়ন বৃদ্ধি করেছি, শিশুসেবার সহায়তায় অর্থায়ন করছি আমাদের পানির উৎসসমূহ উদ্ধারে অর্থায়ন এবং LIRR এর উন্নয়নে অর্থায়ন করছি। সদা উর্ধগামী।"

সাফোক কাউন্টির এক্সিকিউটিভ স্টিভ বেলোন বলেন, "গভর্নর লং আইল্যান্ডের অধিবাসীদের কাছে প্রতিজ্ঞা করেছিলেন যে তিনি সম্পত্তির ট্যাক্স ক্যাপ স্থায়ী করবেন – এবং তিনি তার প্রতিজ্ঞা রেখেছেন। গত নয় বছরে গভর্নর কুওমো সমালোচনাকারীদের বিভিন্ন মন্তব্য সত্ত্বেও তার সঠিকভাবে কার্যাবলী সমাধান করার ক্ষমতা প্রদর্শন করেছেন। লং আইল্যান্ড রেল সড়ক পুনর্নির্মাণ হোক বা পয়ঃনিষ্কাশন অবকাঠামোয় ঐতিহাসিক বিনিয়োগ হোক, সেরাটি আসা এখনো বাকি আছে।"

নাসাউ কাউন্টি এক্সিকিউটিভ লরা কারান বলেন, "লং আইল্যান্ডের পরিবারবর্গের প্রতি গভর্নর কুওমোর সুদৃঢ় অঙ্গীকারের জন্য আমি কৃতজ্ঞ যেটি একটি সময়োপযোগী বাজেটে প্রদর্শিত হয়েছে যা নাসাউ করদাতাদেরকে সহায়তা করছে এবং আমাদের পরিবহন অবকাঠামোর জন্য অতীব প্রয়োজনীয় বিনিয়োগ সরবরাহ করছে। আমার করদাতা সুরক্ষা পরিকল্পনা পাশ করার জন্য আমি বিশেষভাবে গভর্নর, সিনেট এবং অ্যাসেম্বলিকে ধন্যবাদ জানাতে চাই, যেটি নাসাউ অধিবাসীদেরকে নিকটবর্তী এক দশকে কাউন্টির প্রথম পুনঃমূল্যায়নের কারণে ট্যাক্স এর পরিবর্তনসমূহে একটি পাঁচ-বছরের ফেজ-ইন প্রদান করবে। কাউন্টির ভেঙ্গে পড়া মূল্যায়ন ব্যবস্থা ঠিক করার জন্য আমাকে নির্বাচিত করা হয়েছিল এবং গভর্নর কুওমোর সহায়তায় আমরা উভয়েই কাউন্টির অধিবাসীদেরকে রক্ষা করছি এবং স্বচ্ছতা ও সঠিকতা পুনঃসঞ্চার করছি।"

অর্থবছর 2020 এর নির্বাহী বাজেটের উল্লেখযোগ্য দিকসমূহ:

- ক্রমাগত নবম বছরে স্টেট অপারেটিং তহবিল (State Operating Funds) 102.1 বিলিয়ন মার্কিন ডলার ব্যয় করছে, 2% প্রবৃদ্ধি বজায় রেখেছে (ফেডারেল তহবিলসমূহ এবং ক্যাপিটাল স্টেট অপারেটিং তহবিল এর বাইরে)
- অর্থবছর 2020 এর জন্য সমস্ত ফান্ডের ব্যয় 175.5 বিলিয়ন মার্কিন ডলার
- 2% সম্পত্তি ট্যাক্স ক্যাপকে স্থায়ী করে, যা 2012 সালে এটি বাস্তবায়িত হওয়া থেকে এখন পর্যন্ত করদাতাদের প্রায় 25 বিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করার উপর প্রণীত
- 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি স্কুল সহায়তা বৃদ্ধি করেছে, যার ফলে মোট স্কুল সহায়তা 27.9 বিলিয়ন মার্কিন ডলারের রেকর্ড পরিমাণে দাঁড়িয়েছে
- সুদূরপ্রসারী অপরাধ ও অহিংস অপরাধসমূহের ক্ষেত্রে টাকার বিনিময়ে জামিন বাতিল করার মাধ্যমে দ্রুততর ফৌজদারী বিচারের জন্য পুনর্গঠনসমূহ সম্পন্ন করেছে যা দ্রুততার সাথে বিচার পাওয়ার অধিকারকে নিশ্চিত করছে এবং সংশোধন প্রক্রিয়ার পরিবর্তন করছে
- গভর্নর কুওমোর পরবর্তী পাঁচ বছরে অবকাঠামোগত প্রকল্পসমূহে 150 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করার নজিরবিহীন অঙ্গীকারের উপর ভিত্তি করে 675,000 কর্মসংস্থান সৃষ্টি করছে
- সাশ্রয়ী সেবা আইনের প্রবিধানসমূহ সংকলিত করে
- একবার ব্যবহারের প্লাস্টিক ব্যাগ নিষিদ্ধ করা
- খাদ্য বর্জ্য রিসাইক্লিং কর্মসূচির সূচনা করে
- সকল স্থানীয় সরকারের জন্য জানুস (Janus) সুরক্ষাসমূহ সম্প্রসারিত করেছে এবং সংগঠিত হওয়া এবং সামষ্টিকভাবে যুক্তিতর্ক উপস্থাপনের অধিকারের নিশ্চয়তা প্রদান করছে

- আইনসভার অধিবেশনের প্রথম 10 সপ্তাহের মধ্যে পাশ হওয়া ভোটদান সংস্কারের উপর নির্ভরশীল
- সুপেয় পানির অবকাঠামোয় অতিরিক্ত 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে, যা স্টেটের ঐতিহাসিক বিনিয়োগকে 3 বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত করছে

লং আইল্যান্ডের উন্নয়নে কৌশলগত বিনিয়োগসমূহের উল্লেখযোগ্য দিকগুলোর মধ্যে রয়েছে:

- স্থায়ী সম্পত্তি ট্যাক্স ক্যাপ লং আইল্যান্ডের অধিবাসীদের 76 বিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করবে
- মধ্যবিত্ত ট্যাক্স হ্রাস লং আইল্যান্ডের অধিবাসীদের গড়ে 382 মার্কিন ডলার সাশ্রয় করবে

- নাসাউ হাব এ অতিরিক্ত বিনিয়োগের জন্য 40 মিলিয়ন মার্কিন ডলার
- মারা সেলভাট্রুচা (Mara Salvatrucha, MS)-13 গ্যাং নিয়োগ পাইপলাইন বন্ধ করতে এবং যুবকদের জন্য সুযোগসমূহের উন্নয়ন করতে 45 মিলিয়ন মার্কিন ডলার
- হিরোইন ও আফিম সংকট মোকাবেলায় 25 মিলিয়ন মার্কিন ডলার

অর্থনৈতিক ন্যায়বিচার

অত্যন্ত সফল সম্পত্তির ট্যাক্স ক্যাপ স্থায়ী করে: এই ঐতিহাসিক আইন প্রণয়ন প্রক্রিয়ায়, যেহেতু করের স্তরটি 2012 সালে গভর্নর কার্যকর করেছিলেন তাই তখন থেকে 2020 সালের আর্থিক বাজেটে 2% সম্পত্তি করের স্তর স্থায়ীকরণকে অন্তর্ভুক্ত করা পর্যন্ত করদাতাদের প্রায় 25 বিলিয়ন ডলার সাশ্রয় হবে। লং আইল্যান্ডে সাধারণ করদাতাগণ অনুমিতভাবে পরবর্তী 10 বছরে সাশ্রয় করবে:

- নাসাউ কাউন্টি: 71,000 মার্কিন ডলার
- সাফোক কাউন্টি: 58,000 মার্কিন ডলার

মধ্যবিত্তের কর কর্তনের ফেজ-ইন অব্যাহত রাখা: বাজেটটি মধ্যবিত্তের কর কর্তনের ফেজ-ইন সমর্থন করে। এইসব সংশোধনের অধীনে, যখন কর্তন পুরোপুরি ফেজ-ইন হবে তখন হার 5.5 শতাংশ ও 6 শতাংশে নেমে যাবে - মধ্যবিত্তের জন্য 20 শতাংশ পর্যন্ত আয়কর কর্তন - এবং 2025 সালের মধ্যে ছয় মিলিয়ন ফাইলারের জন্য আনুমানিক 4.2 বিলিয়ন মার্কিন ডলার বার্ষিক সঞ্চয় তৈরি করা। নতুন হার ফেজ-ইন হওয়ার সাথে, এটি হবে 70 বছরের মধ্যে স্টেটের মধ্যবিত্ত শ্রেণির জন্য সর্বনিম্ন কর হার।

একবিংশ শতাব্দীর পরিকাঠামো নির্মাণ

রাস্তা ও সেতু উন্নয়ন: গভর্নরের 100 বিলিয়ন মার্কিন ডলারে ক্যাপিটাল পরিকল্পনার অংশ হিসেবে, 2020 অর্থবছরের নির্বাহী বাজেটে লং আইল্যান্ড অঞ্চলের রাস্তা ও সেতু প্রকল্পের জন্য তহবিল থাকবে, যেমন:

- ওয়েস্টার বে, ইসলিপ ও ব্যাবিলন টাউনে টোবে ও ক্যাপ ট্রি স্টেট পার্কের মধ্যকার ওশেন পার্কওয়ে বহু-ব্যবহারের পথের তৃতীয় পর্যায়ের নির্মাণের জন্য 19.8 মিলিয়ন মার্কিন ডলার।
- ওয়েস্টার বে টাউনে রুট 25 সেতুর উপর দিয়ে রুট 107 এর পুনর্বাসনের জন্য 11.5 মিলিয়ন মার্কিন ডলার।
- স্মিথটাউন ও ইসলিপ টাউনে সানকেন মিডো পার্কওয়ের পাশ দিয়ে ইন্টারস্টেট 495 থেকে সানকেন মিডো স্টেট পার্কের টোল বুথ পর্যন্ত গাইডরেল প্রতিস্থাপনসহ নিরাপত্তা উন্নয়নে 4.7 মিলিয়ন মার্কিন ডলার।
- ইসলিপ টাউনে ফায়ার আইল্যান্ড ইলেটের উপর রবার্ট মোসেস কজওয়ে সেতুর পুনর্বাসনে 33.6 মিলিয়ন মার্কিন ডলার।

CHIPS স্থানীয় হাইওয়ে সহায়তা কর্মসূচি (CHIPS Local Highway Aid Program): বাজেট CHIPS কর্মসূচির মাধ্যমে লং আইল্যান্ডের স্থানীয় রাস্তা ও সেতুর জন্য 40.1 মিলিয়ন ডলার তহবিল প্রদান করে।

পেভ নিউ ইয়র্ক হাইওয়ে সহায়তা কর্মসূচি (PAVE NY Local Highway Aid Program): বাজেট পেভ নিউ ইয়র্ক কর্মসূচির মাধ্যমে লং আইল্যান্ডের স্থানীয় রাস্তা ও সেতুর জন্য 9.2 মিলিয়ন ডলার তহবিল প্রদান করে।

ট্রানজিট অপারেশন সহায়তা: বাজেট অর্থবছর 2020 এ নাসাউ কাউন্টিকে 74.4 মিলিয়ন মার্কিন ডলার এবং সাফোক কাউন্টিকে 29.4 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে, যা অর্থবছর 2019 থেকে যথাক্রমে 5 মিলিয়ন মার্কিন ডলার ও 2 মিলিয়ন মার্কিন ডলার বেশি। এছাড়াও বাজেট অর্থবছর 2020 এ MTA কে প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার বাজেট-অধীন তহবিল প্রদান করবে। এর মধ্যে রয়েছে কমিউটার রেল ব্যবস্থার জন্য সাহায্য।

জাতির সর্ববৃহৎ অবকাঠামো প্রোগ্রামে অতিরিক্ত 150 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ: 2020 অর্থবছর থেকে শুরু করে পরবর্তী পাঁচ বছরে অবকাঠামো প্রকল্পে 150 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের গভর্নর কুওমোর ব্যতিক্রমধর্মী অঙ্গীকার প্রদানের কারণে এইসকল ক্যাপিটাল প্রকল্প পরিবহন ব্যবস্থা পুনর্নির্মাণ, অর্থনৈতিক উন্নয়ন সৃষ্টি, নতুন গ্রীন ফ্যাসিলিটি সৃষ্টি এবং নিউ ইয়র্কের টেকসই জ্বালানী ভবিষ্যৎ বিনির্মাণে সহায়তা করা শুরু করবে।

নিউ ইয়র্কের নিচ-থেকে-উপরে অর্থনৈতিক বিকাশ কৌশল (Bottom-Up Economic Development Strategy) অব্যাহত রাখা

রূপান্তরমূলক প্রকল্পে বিনিয়োগ করা: লং আইল্যান্ডে রূপান্তরমূলক প্রকল্পসমূহের জন্য নির্বাহী বাজেটে বর্তমান মূলধনী উৎসসমূহ থেকে 100 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ অন্তর্ভুক্ত রেখেছে যার মধ্যে নাসাউ হাব এর জন্য অতিরিক্ত 40 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে।

রিজিওনাল অর্থনৈতিক বিকাশ কাউন্সিলের (Regional Economic Development Councils, REDCs) নবম পর্যায়ের জন্য 750 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ: 2011 সালে, গভর্নর কুওমো 10 রিজিওনাল অর্থনৈতিক বিকাশ কাউন্সিল স্থাপন করেন দীর্ঘমেয়াদি রিজিওনাল কৌশলগত অর্থনৈতিক বিকাশ পরিকল্পনা তৈরি করতে। এর পর থেকে, REDC গুলি 7,300 এর বেশি প্রকল্পে 6.1 বিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। কৌশলটির ফলে নিউ ইয়র্কে নতুন পুরনো মিলিয়ে 230,000 কর্মসংস্থান হয়েছে। নির্বাহী বাজেটে অন্তর্ভুক্ত আছে মূল ক্যাপিটাল ও কর-ক্রেডিট তহবিল যা বিভিন্ন মাত্রার এজেন্সির সাথে একত্রিত হয়ে নবম পর্যায়ে REDC-এর প্রদত্ত অর্থের পরিমাণ মোট 750 মিলিয়ন মার্কিন ডলার করবে।

চতুর্থ ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative) মাধ্যমে স্টেটের কমিউনিটিগুলিতে বিনিয়োগ করা: ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ ডাউনটাউনের এলাকাগুলি রূপান্তরিত করে প্রাণবন্ত কমিউনিটিতে পরিণত করছে যেখানে আগামী প্রজন্মের নিউ ইয়র্কবাসী বাস করতে, কাজ করতে এবং পরিবার গঠন করতে চাইবে। স্টেটের দশটি REDC ডাউনটাউনের রূপান্তরের সম্ভাবনার উপর ভিত্তি করে অংশগ্রহণকারী কমিউনিটি মনোনীত করে। তিন দফার পুরস্কারের মধ্যে, জয়ী কমিউনিটিগুলিকে ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা বিকাশ ও কমিউনিটির পুনরুজ্জীবন লক্ষ্যের মূল অনুঘটক প্রকল্প বাস্তবায়নের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে। 2020 অর্থবছরে অনুমোদিত বাজেট ডাউনটাউন রিভাইটালাইজেশন প্রকল্পের চতুর্থ রাউন্ডের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে।

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (New York State University of New York, NYSUNY) 2020 ও নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (New York City University of New York, NYCUNY) 2020 এর আরেকটি রাউন্ড শুরু করেছে: NYSUNY 2020 ও NYCUNY 2020 চ্যালেঞ্জ গ্র্যান্ট কর্মসূচীর সফলতা বাস্তবায়ন করতে নতুন একটি রাউন্ড শুরু করার জন্য বাজেটে 110 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত করা হয়েছে। যেসকল পরিকল্পনায় অ্যাকাডেমিক সফলতার উন্নয়ন, সরকারি-বেসরকারি অংশীদারিত্ব বৃদ্ধি এবং শিক্ষার্থীদেরকে কর্মক্ষেত্রের সাথে ভালোভাবে যুক্ত করার প্রযুক্তি অন্তর্ভুক্ত রয়েছে সেগুলোকে অগ্রাধিকার দেওয়া হবে।

অর্থনৈতিক উন্নয়ন পদক্ষেপসমূহ অব্যাহত রেখেছে:বাজেটটি বিভিন্ন প্রকল্পে সহায়তা রেখেছে, তন্মধ্যে:

- স্টোনি ব্রুক সেন্টার অব এক্সিলেন্স ইন ওয়্যারলেস অ্যান্ড ইনফরমেশন টেকনোলজি এর জন্য 1 মিলিয়ন মার্কিন ডলার;
- স্টোনি ব্রুক সেন্টার অব এক্সিলেন্স ইন অ্যাডভান্সড এনার্জি রিসার্চ এর জন্য 1 মিলিয়ন মার্কিন ডলার;
- SUNY স্টোনি ব্রুক সেন্টার ফর অ্যাডভান্সড টেকনোলজি ইন বায়োটেকনোলজি এর জন্য 960,600 মার্কিন ডলার;
- SUNY স্টোনি ব্রুক সেন্টার ফর অ্যাডভান্সড টেকনোলজি ইন ডায়াগনস্টিক টুলস অ্যান্ড সেন্সর সিস্টেমস এর জন্য 960,600 মার্কিন ডলার;

- SUNY স্টোনি ব্রুক সেন্টার ফর অ্যাডভান্সড টেকনোলজি ইন ইন্টিগ্রেটেড ইলেকট্রিক এনার্জি সিস্টেমস এর জন্য 960,600 মার্কিন ডলার;
- স্টোনি ব্রুক মেডিসিন'স ন্যাশনাল ক্যান্সার ইনস্টিটিউট এর জন্য 670,000 মার্কিন ডলার; এবং
- জয়েন্ট বেলেরোস বিজনেস ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কর্পোরেশন (Bellerose Business District Development Corporation) এর জন্য 50,000 মার্কিন ডলার।

পর্যটনে অব্যাহত বিনিয়োগ: স্টেটের পর্যটন ক্যাম্পেইন সমর্থনে এবং বিশ্বের বিভিন্ন স্থান থেকে পর্যটক আকর্ষণ করতে বাজেটে 59.5 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত করা হবে। কর্মসূচিতে অন্তর্ভুক্ত আছে মার্কেট নিউ ইয়র্ক (Market NY) উদ্যোগের মাধ্যমে 15 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের প্রতিযোগিতামূলক তহবিলের সপ্তম পর্যায় যার উদ্দেশ্য পর্যটন বাজারজাতকরণ পরিকল্পনা ও প্রকল্প সমর্থন করা যা রিজিওনাল আকর্ষণ প্রচার করতে কাউন্টিগুলির মধ্যে রিজিওনাল সমন্বয় সবথেকে ভালোভাবে প্রদর্শন করে। পর্যটন নিউ ইয়র্কের চতুর্থ বৃহত্তম কর্মসংস্থান ক্ষেত্র।

নিউ ইয়র্ক স্টেট গ্রোওন ও সার্টিফাইড কর্মসূচি (New York State Grown & Certified Program): নির্বাহী বাজেট নিউ ইয়র্ক স্টেট গ্রোওন ও সার্টিফাইড কর্মসূচির জন্য সমর্থন অব্যাহত রাখবে। কর্মসূচিটি নিউ ইয়র্ক স্টেটের পণ্যে ভোক্তাদের বিশ্বাস জোরদার করার জন্য, খাদ্য পণ্য লেবেল করা, এবং নিউ ইয়র্কের চাষীদের উচ্চমানের খাদ্যের চাহিদা বৃদ্ধির সুযোগ নিতে সাহায্য করার জন্য নকশাকৃত। 2016 সালে শুরু হওয়ার পর থেকে, কর্মসূচিটি 2,386 এর বেশি ফার্মকে সনদ প্রদান করেছে, যা অর্ধমিলিয়ন একর ফার্মের জমির প্রতিনিধি।

টেস্ট নিউ ইয়র্ক (Taste NY): 2013 সালে শুরু হওয়া টেস্ট নিউ ইয়র্ক নিউ ইয়র্কে তৈরি খাবার ও পানীয় হাইলাইট করে এবং কিনতে উৎসাহিত করে। টেস্ট নিউ ইয়র্ক উদ্যোগটি নিউ ইয়র্কের উচ্চমানের খাবার ও কৃষি পণ্যের দৃষ্টিগোচরতা বৃদ্ধি করতে দারুণ ভাবে সফল প্রমাণিত হয়েছে। 2018 সালের সাফল্য ধরে রাখতে এবং নিউ ইয়র্কের উৎপাদকদের নতুন বাজারে আরো ভালোভাবে যুক্ত করতে, টেস্ট নিউ ইয়র্ক কর্মসূচিটি পুরো স্টেটের স্বাগত কেন্দ্রগুলিতে সম্প্রসারণ করতে নির্বাহী বাজেট 6.5 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে।

সবার জন্য মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করা

1 বিলিয়ন মার্কিন ডলার শিক্ষা আর্থিক সহায়তা বৃদ্ধি: এই বছরের বৃদ্ধির 70 শতাংশ এর বেশি উচ্চ-চাহিদাসম্পন্ন স্কুল ডিস্ট্রিক্টসমূহকে দেওয়া হয়েছে এবং এর ফলে শিক্ষায় মোট দাঁড়িয়েছে 27.9 বিলিয়ন মার্কিন ডলার। অর্থবছর 2020 এর বাজেট লং আইল্যান্ডের স্কুলের জন্য সাহায্য 124.6 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি করেছে, এর মধ্যে ফাউন্ডেশন এইডের জন্য 48 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি করা হয়, মোট 3.9 শতাংশ বৃদ্ধির জন্য।

উচ্চতর শিক্ষা পরিকাঠামো: SUNY উচ্চতর শিক্ষাগত ফ্যাসিলিটি উন্নত করতে ও বজায় রাখতে লং আইল্যান্ড 34.3 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল তহবিল পাবে।

পাবলিক কলেজে বিনা টিউশনে পড়াশুনা: লং আইল্যান্ডের পাবলিক কলেজে ভর্তি পূর্ণকালীন স্নাতক শিক্ষার্থীর আনুমানিক 40 শতাংশ 26,100 এর বেশি বিনা টিউশনে পড়াশুনা করে এক্সেলসিওর বৃত্তির (Excelsior Scholarship) মাধ্যমে এবং টিউশন সহায়তা প্রোগ্রামের (Tuition Assistance Program, TAP) মতো শিক্ষার্থীদের জন্য অন্যান্য উৎসের উদার আর্থিক সহায়তার মাধ্যমে।

সামাজিক ন্যায়বিচার

সবার জন্য অপরাধ ন্যায়বিচার অগ্রসর করা

অপরাধ ন্যায়বিচার সংস্কার: 2020 অর্থবছরে বিধিবদ্ধ করা বাজেটে নিম্নলিখিত সংস্কারগুলি অন্তর্ভুক্ত করার মাধ্যমে নিউ ইয়র্ক একটি যৌক্তিক অপরাধ বিচারব্যবস্থার প্রতি তার অঙ্গীকার অব্যাহত রেখেছে:

- **প্রাক-বিচার কারারোধ হ্রাস করার উদ্দেশ্যে জামিন ও গ্রেফতার পদ্ধতির সংস্কার করে:** 2020 অর্থবছরে বিধিবদ্ধ করা বাজেটে অনন্য আইন প্রণয়নের একটি অঙ্গ হিসাবে বিচারের আগে কারাগারে বন্দী ব্যক্তির সংখ্যা হ্রাস করার মাধ্যমে নিউ ইয়র্কের জামিন ব্যবস্থা নাটকীয়ভাবে রূপান্তরিত হবে। বিশেষত, হেফাজতমূলক গ্রেফতারের পরিবর্তে অধিকাংশ সামান্য অপরাধমূলক কাজকর্ম এবং ক্লাস ই গুরুতর অপরাধের অভিযুক্তদের ক্ষেত্রে পুলিশ কর্মকর্তাদের অবশ্যই ডেস্ক উপস্থিতি টিকিট জারি করতে হবে এইরকম একটি নতুন প্রয়োজনীয়তার পাশাপাশি সামান্য অপরাধমূলক কাজকর্ম এবং গুরুতর অহিংস অপরাধের জন্য নগদ জামিন উঠিয়ে দেওয়া হবে। একত্রিতভাবে, এই সংস্কারগুলি নিশ্চিত করবে অধিকাংশ মামলা - আনুমানিক 90% - যেখানে কোনো ব্যক্তি অভিযুক্ত হলেও এখনও পর্যন্ত কোনও অপরাধের জন্য দোষী সাব্যস্ত হননি, সেক্ষেত্রে তিনি যেন আদালতে তার নির্দিষ্ট দিনের আগে কারাগারের বাইরে থাকেন।
- **একটি দ্রুত বিচারের অধিকার নিশ্চিত করে:** মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান এবং রাষ্ট্রীয় আইন, উভয় ক্ষেত্রেই নীতিগুলি বিধিবদ্ধ থাকা সত্ত্বেও একজন ফৌজদারি বিবাদীর দ্রুত বিচারের অধিকার একটি বিলম্বিত প্রক্রিয়ায় পরিণত হতে পারে - এবং প্রায়শই তা হয়ও - যার ফলে লোকেদেরকে অত্যধিক সময়ের জন্য প্রাক-বিচার হেফাজতে বন্দী করে রাখা হয়। গড়ে, সমগ্র দেশ জুড়ে স্থানীয় কারাগারগুলিতে বন্দী দুই-তৃতীয়াংশ মানুষকে কেবলমাত্র আদালতে তাঁদের দিনের জন্য অপেক্ষারত অবস্থায় বন্দি করে রাখা হয়েছে। এই বিলম্বগুলির প্রকৃত প্রভাব রয়েছে যেহেতু কোনও অন্যায় কাজের জন্য এখনও দোষী সাব্যস্ত হননি এমন ব্যক্তিদের প্রায়শই তাঁদের কর্মসংস্থান এবং সম্প্রদায়ের সাথে সম্পর্ক হারাতে হয়। এই অবিচারটির অবসান করা এবং পূর্বের জমে থাকা ফৌজদারি মামলাগুলির সংখ্যা হ্রাস করার উদ্দেশ্যে, 2020 অর্থবছরে বিধিবদ্ধ করা বাজেট কিছু আইনসমূহকে অন্তর্ভুক্ত করে যা অহেতুক বিলম্বগুলি হ্রাস করা এবং সকল পক্ষ যে বিচারের জন্য প্রস্তুত তা নিশ্চিত করার মাধ্যমে আদালতগুলির ক্ষেত্রে দায়বদ্ধতা বৃদ্ধি করা আবশ্যক করে তোলে।
- **সন্ধান প্রক্রিয়ার রূপান্তর ঘটায়:** যার মাধ্যমে প্রসিকিউটররা বিচার শুরু না হওয়া পর্যন্ত মৌলিক প্রমাণগুলি ধরে রাখতে পারবে, নিউ ইয়র্কের সেই পুরাতন সন্ধান প্রক্রিয়াকে

পুনরায় ঢেলে সাজাতে, 2020 অর্থবছরে বিধিবদ্ধ করা বাজেটে অন্তর্ভুক্ত করা আইনসমূহ, প্রসিকিউটর এবং বিবাদীপক্ষ উভয়ের ক্ষেত্রেই বিচারের বহু পূর্বে তাদের দখলে থাকা তথ্যগুলিকে সরবরাহ করা আবশ্যক করে তোলে। বিবাদীপক্ষকে নিজেকে দোষী ঘোষণা করার পূর্বে বাদীপক্ষের কাছে কী প্রমাণ আছে তা দেখে নেওয়ার সুযোগ দেওয়া হবে। প্রসিকিউটরদের আরোপের 15 দিনের মধ্যে পক্ষসমর্থনকারীকে সন্ধানযোগ্য তথ্য এবং সামগ্রীগুলি সরবরাহ করতে হবে। এছাড়াও, প্রসিকিউটরদের একটি প্রতিরক্ষামূলক আদেশের জন্য আদালতের নিকট আবেদন করার ক্ষমতা প্রদান করার মাধ্যমে এবং সাক্ষীদের নিরাপত্তা এবং বিচার প্রক্রিয়ার পবিত্রতা নিশ্চিত করার জন্য প্রয়োজন অনুসারে শনাক্তকারী তথ্যগুলি রক্ষা করার মাধ্যমে, আইন প্রণয়নটি ক্ষতিগ্রস্ত ব্যক্তিরা এবং সাক্ষীরা যাতে হুমকি এবং অন্যান্য ধরনের বলপূর্বক নিগ্রহের হাত থেকে সুরক্ষিত থাকেন তা নিশ্চিত করবে।

গণ সুরক্ষা

MS-13 সন্ত্রাসী দলে যোগদানের পাইপলাইন বন্ধ করে এবং যুবসম্প্রদায়ের জন্য সুযোগ সুবিধা বৃদ্ধি করে: নিউ ইয়র্কের তরুণ অধিবাসীদের সন্ত্রাসীদলে যোগদান পরিহার করার প্রয়োজনীয় উপকরণ পাওয়া এবং আইন প্রয়োগকারী সংস্থাসমূহ কর্তৃক সন্ত্রাসীদের দলসমূহের সাথে প্রয়োজনীয় সরঞ্জাম প্রাপ্তি নিশ্চিত করতে অর্থবছর 2020 বাজেট MS-13 নির্মূলে গত বছর পরিচালিত সাহসী ও সামগ্রিক লক্ষ্যকে বাস্তবায়নের জন্য 45 মিলিয়ন মার্কিন ডলার চালু রেখেছে। সেইসাথে স্টেট সহিংসতা প্রতিরোধ অনুদানসমূহে অর্থায়ন করবে, স্কুল-ভিত্তিক সহায়তা গঠন করবে এবং স্টেট পার্ক প্রোগ্রামিং এর উন্নয়ন করা সহ আইন প্রয়োগকারী বুদ্ধিমত্তা ও বিশ্লেষণ সক্ষমতা বৃদ্ধি করবে। নতুন এই প্রোগ্রামগুলি সামাজিক সেবা ও জন নিরাপত্তার উভয় ক্ষেত্রে বিদ্যমান বিনিয়োগের সম্পূরক হিসেবে কাজ করবে, অভিবাসন থেকে অত্যাচারের শিকার হওয়া পাইপলাইনটি ভেঙ্গে ফেলতে একটি ব্যাপক নেটওয়ার্ক গড়ে তোলা।

<u>সব নিউ ইয়র্কবাসীর জন্য ন্যায়বিচার</u>

সাধ্যের মধ্যে মানসম্পন্ন স্বাস্থ্যসেবা রক্ষা করা

স্বাস্থ্যসেবা রূপান্তর: এই বাজেটটি স্বাস্থ্যসেবা রূপান্তর কার্যক্রমে অব্যাহতভাবে সহায়তা প্রদান করবে, যার মধ্যে:

- ক্যাপিটাল রিস্ট্রাকচারিং অর্থায়ন কর্মসূচি (Capital Restructuring Financing Program) (অনুমোদিত অর্থবছর 2015)। রিজিওনাল হাসপাতালসমূহের সমর্থনে লং আইল্যান্ডকে 88.2 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছে;
- অত্যাবশ্যক স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রোগ্রাম (Essential Health Care Providers Program) (অনুমোদিত অর্থবছর 2016)। রিজিওনাল হাসপাতালসমূহের সমর্থনে লং আইল্যান্ডকে 24.1 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছে;

- পুরো স্টেটে স্বাস্থ্য সেবা ফ্যাসিলিটি রূপান্তর কর্মসূচি I (Statewide Health Care Facility Transformation Program I) (অনুমোদিত অর্থবছর 2017)। লং আইল্যান্ডকে 29.7 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছে; এবং
- পুরো স্টেটে স্বাস্থ্য সেবা ফ্যাসিলিটি রূপান্তর কর্মসূচি II (Statewide Health Care Facility Transformation Program II) (অনুমোদিত অর্থবছর 2018)। লং আইল্যান্ডকে 33.2 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করা হয়েছে।

বার্ধক্য: নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দ্য এইজিং (New York State Office for the Aging, NYSOFA) সহায়তা সেবাসমূহে স্থানীয়ভাবে শনাক্তকৃত সক্ষমতা-চাহিদাবলি শনাক্ত করতে এই বাজেট স্টেটব্যাপী 15 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে যেটি বার্ধক্য বিষয়ক কাউন্টি এরিয়া এজেন্সিসমূহ কর্তৃক নিয়ন্ত্রিত হয় যাদের লক্ষ্য হলো বয়স্কদের কমিউনিটি সংযোগসমূহ সংরক্ষণ করা এবং উচ্চমাত্রায় ব্যয়বহুল প্রাতিষ্ঠানিক ভর্তিসমূহ পরিহার করার চাহিদাবলি পূরণ করা। এই বিনিয়োগের ফলে ওয়েস্টার্ন রিজিয়ন কমিউনিটি সরবরাহকারীদের জন্য 1.9 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল প্রদান করবে। এছাড়াও এই সকল অর্থ পুনঃবিনিয়োগ করার মাধ্যমে সেবা প্রদান বৃদ্ধির প্রচেষ্টা হিসেবে এই বাজেট কাউন্টি বিকল্পের মধ্যে সেবা প্রদানকারীদেরকে সেইসব মানুষদেরকে ব্যক্তিগতভাবে অর্থের বিনিময়ে সেবা প্রদানের ক্ষমতা প্রদান করে যারা পরিশোধ করার সামর্থ্য রাখে।

সাশ্রয়ী পরিচর্যা আইন এবং হেলথ এক্সচেঞ্জকে বিধিবদ্ধ করা: যখন নিউ ইয়র্ক সাশ্রয়ী পরিচর্যা আইনের (Affordable Care Act, ACA) ঐতিহাসিক অগ্রগতিতে বাঁধা দেওয়ার জন্য ওয়াশিংটন ক্রমাগত হুমকি দিচ্ছে, সেই সময় ACA এর মুখ্য প্রবিধানগুলিকে বিধিবদ্ধ করে এবং নিউ ইয়র্ক স্টেট হেলথ এক্সচেঞ্জকে (New York State Health Exchange) আইনে পরিণত করে এটিই নিশ্চিত করা হয়েছে যে যুক্তরাষ্ট্রীয় পর্যায়ে যাই হোক না কেন, এই মুখ্য প্রবিধানগুলি নিউ ইয়র্ক স্টেটে সুরক্ষিত আছে।

আফিমজাতীয় পদার্থের মহামারী বন্ধ করতে যুদ্ধ করা

আফিমজাতীয় দ্রব্যের সংকট মোকাবেলায় অর্থায়ন করা: লং আইল্যান্ডের হেরোইন ও আফিমজাতীয় সমস্যা সমাধানে বাজেট আনুমানিক 25 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে। তহবিলটি অসংখ্য নিরাময় কর্মসূচির সমর্থনে ব্যবহার করা হবে, যার মধ্যে থাকবে 12টি আবাসিক, 48টি আউটপেশেন্ট এবং পাঁচটি আফিমজাতীয় নিরাময় কর্মসূচি এবং একই সাথে একটি স্টেট-পরিচালিত আসক্তি নিরাময় কেন্দ্র (State-Operated Addiction Treatment Center)। এইসব কর্মসূচি ব্যক্তিগত ও দলীয় কাউন্সেলিং, ওষুধ সহায়ক চিকিৎসা, শিক্ষামূলক সেবা, কেস ব্যবস্থাপনা, ভোকেশনাল যাচাই এবং চাকরির দক্ষতার জন্য প্রশিক্ষণ, চাকরি পাওয়ার জন্য তৈরি, অভিভাবকত্ব, ব্যক্তিগত, সামাজিক ও কমিউনিটি জীবনযাত্রার দক্ষতা প্রদান করতে পারে।

বুপ্রিনরফিনের (Buprenorphine) ব্যবহার বৃদ্ধি করা: ওষুধের সহায়তায় প্রদত্ত চিকিৎসার (Medication Assisted Treatment, MAT) ক্ষেত্রে বুপ্রিনরফিন একটি গুরুত্বপূর্ণ অগ্রগতি যেটি মিথাডোন (methadone) এবং ইঞ্জেকশন নালট্রাক্সোনের (naltrexone) মতো এবং আফিমজাতীয়

পদার্থ ব্যবহারজনিত সমস্যা থেকে নিরাময় পেতে লোকজনকে সাহায্য করার ক্ষেত্রে উপযুক্ত হিসেবে কাউন্সেলিং এর পাশাপাশি সমন্বিতভাবে ব্যবহার করা হয়। বুপ্রিনরফিনের ব্যবহার বৃদ্ধি করতে, গভর্নর কুওমো স্বাস্থ্য বিভাগকে (Department of Health) নির্দেশনা দিবেন যেন চিকিৎসার আদর্শ সেবা বা চিকিৎসার জন্য রেফারেলের ভিত্তিতে আফিমজাতীয় পদার্থ ব্যবহারজনিত সমস্যা সমাধানের লক্ষ্যে স্টেটব্যাপী সব হাসপাতালে তাদের জরুরি বিভাগের জন্য চিকিৎসাবিধি তৈরি আবশ্যক করা হয়। অনুমোদিত বাজেট হেলথ প্ল্যানসমূহ কর্তৃক ঔষধের সহায়তায় চিকিৎসা এর জন্য প্রাক প্রত্যয়ন চাওয়াকে নিষিদ্ধ করেছে।

ফৌজদারি বিচার ব্যবস্থায় ওষুধের সহায়তায় প্রদত্ত চিকিৎসার সুযোগ বৃদ্ধি করা: অনুমোদিত বাজেটে স্থানীয় কারাগারসমূহে ঔষধের সহায়তায় চিকিৎসা (MAT) এর সহায়তায় 4.75 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত হয়েছে যা পূর্বের চেয়ে 1 মিলিয়ন মার্কিন ডলার বেশি এবং তিনটি অতিরিক্ত সংশোধনাগার বিভাগ ও কমিউনিটি তত্ত্বাবধায়ন বিভাগে MAT সম্প্রসারিত করার জন্য ফেডারেল তহবিলসমূহের ব্যবহার বৃদ্ধি করেছে। এইসকল কার্যকরী কর্মসূচি কারান্তরীণ ব্যক্তিদেরকে সংশোধিত হতে এবং তাদের মুক্তির পূর্বে তাদেরকে কমিউনিটি-ভিত্তিক পরিষেবাসমূহের সাথে যুক্ত করতে সহায়তা করবে যা তাদের সফল হওয়ার সুযোগ বৃদ্ধি করবে অপরাধ প্রবণতা হ্রাস করবে।

মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার চিকিৎসাকে অধিকতর নাগালের মধ্যে নিয়ে আসবে: অনুমোদিত বাজেট হেলথ প্ল্যানসমূহের ন্যূনতম কভারেজ স্ট্যান্ডার্ডস চাওয়া; মেডিকেলগতভাবে প্রয়োজনীয় চিকিৎসা প্রত্যাখ্যান করাকে নিষিদ্ধ করা; প্রতিদিন একাধিক কো-পেমেন্ট নিষিদ্ধ করা এবং আচরণগত স্বাস্থ্য বিষয়ক কো-পেমেন্টসমূহ প্রাথমিক পরিচর্যা সংক্রান্ত কো-পেমেন্টসমূহের সমান হওয়ার বাধ্যবাধকতা প্রদানের মাধ্যমে চিকিৎসাকে অধিকতর নাগালের মধ্যে নিয়ে এসেছে। এই সকল পরিবর্তন প্রশাসনিক ও ব্যয় সংক্রান্ত বোঝাকে দূরীভূত করে যেগুলো নিউ ইয়র্কে আসক্তির সাথে লড়াইরত অধিবাসীদের চিকিৎসার পথে বাধা হয়ে দাঁড়ায়।

গৃহায়ন ও মানব সেবা

নেইবারহুড এবং গ্রামীণ সংরক্ষণ কর্মসূচি: অনুমোদিত বাজেটে নেইবারহুড সংরক্ষণ কর্মসূচি (Neighborhood Preservation Program, NPP) এবং গ্রামীণ সংরক্ষণ কর্মসূচি (Rural Preservation Program, RPP) এর জন্য প্রায় 1 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে যাতে সেইসকল কমিউনিটি-ভিত্তিক অলাভজনক দলকে সহায়তা করা যায় যারা লং আইল্যান্ড অঞ্চলে আবাসন সহায়তা, কমিউনিটি নবায়ন কার্যক্রম এবং ভাড়াটিয়া সংক্রান্ত ভর্তুকি প্রদান করছে।

স্থানীয় সরকারসমূহের জন্য সহায়তা নিশ্চিত করা

স্থানীয় সরকারসমূহকে সহায়তা করে: মিউনিসিপ্যালিটিসমূহের জন্য সহায়তা ও প্রণোদনা কর্মসূচি ও রেভিনিউ ভাগাভাগির মাধ্যমে লং আইল্যান্ড মিউনিসিপ্যালিটিসমূহের সহায়তাকল্পে 26.3 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ রেখেছে।

নাগরিক শক্তিশালীকরণ ট্যাক্স ক্রেডিট বজায় রাখে: একটি গ্রামের অবলুপ্তির জন্য 1 মিলিয়ন মার্কিন ডলারের নাগরিক শক্তিশালীকরণ ট্যাক্স ক্রেডিট বজায় রাখে।

নাসাউ কাউন্টি রিঅ্যাসেসমেন্ট প্রপার্টি ট্যাক্স এক্সেম্পশন: এই বাজেটটি নাসাউ কাউন্টিকে আসন্ন 2020-21 মূল্যায়ন কার্যক্রমের মাধ্যমে পাঁচ বছরের মধ্যে যেসকল সম্পত্তি ট্যাক্স বিল বৃদ্ধির শিকার হবে সেগুলোর জন্য একটি মূল্যায়ন শুরু করা ও ট্যাক্স বিল থেকে বৃদ্ধি করা থেকে অব্যাহতি দেওয়ার ক্ষমতা প্রদান করেছে।

স্যাগাপোনাক (Sagaponack) এর জন্য সমর্থন: স্যাগাপোনাক গ্রামে 2,000 মার্কিন ডলার তহবিল প্রদান করে।

নিউ ইয়র্কের পরিবেশগত নেতৃত্ব চালিয়ে যাওয়া

নবায়নযোগ্য শক্তির জন্য বিনিয়োগ সম্প্রসারণ করে: গভর্নর কুওমোর গ্রিন নিউ ডিল, দেশের নেতৃস্থানীয় ক্লিন এনার্জি ও কর্মসংস্থান এজেন্ডা যা স্টেটকে 2030 সালের মধ্যে 70% নবায়নযোগ্য শক্তি সক্ষমতা অর্জন এবং 2040 সালের মধ্যে 100% কার্বনমুক্ত বিদ্যুৎ এর সক্ষমতা অর্জনের জন্য সঠিক পথে রাখবে তার অংশ হিসেবে 2020 অর্থবছরে অনুমোদিত বাজেট নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষকে তাদের গ্রাহকদের নবায়নযোগ্য শক্তি ও শক্তি সাশ্রয়ী পরিষেবাসমূহ প্রদানের ভূমিকাকে সম্প্রসারিত করে।

পরিষ্কার পানীয় জলের জন্য বিনিয়োগ: 2020 আর্থিক বছরের বাজেট, পরিষ্কার জলের পরিকাঠামোতে, স্টেটের ঐতিহাসিক 2.5 বিলিয়ন ডলার বিনিয়োগের উপর গঠিত, অতিরিক্ত 500 মিলিয়ন ডলার বিনিয়োগ করবে।

প্লাস্টিক ব্যাগের ব্যবহার নিষিদ্ধকরণ: অনুমোদিত বাজেটটি গ্রাহকদের প্রদান করা একবার-ব্যবহারের প্লাস্টিক ব্যাগগুলিকে নিষিদ্ধ করার আইনকে অন্তর্ভুক্ত করে এবং কাউন্টি এবং সিটিগুলিকে কাগজের ব্যাগের উপর 5-সেন্ট চার্জ করার বিকল্প প্রদান করে, যা নিম্ন ও স্থায়ী আয়ের উপভোক্তাদের পুনরায় ব্যবহারযোগ্য ব্যাগ ক্রয় করার জন্য স্থানীয় কর্মসূচিগুলিকে 40 শতাংশ অর্থ দিয়ে এবং স্টেটের পরিবেশ সংরক্ষণ তহবিলে কর্মসূচিগুলিকে 60 শতাংশ তহবিল দিয়ে সহায়তা করছে।

পরিবেশ সুরক্ষা তহবিলের জন্য রেকর্ড অর্থ পুনরায় বরাদ্দ করা: অনুমোদিত বাজেটে EPF এর জন্য 300 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে, যা এই কর্মসূচির ইতিহাসে সর্বোচ্চ তহবিল। এতে রয়েছে কঠিন বর্জ্য কর্মসূচিতে 38 মিলিয়ন মার্কিন ডলার, পার্ক ও বিনোদনে 88 মিলিয়ন মার্কিন ডলার, খোলা স্থানের কর্মসূচিতে 153 মিলিয়ন মার্কিন ডলার এবং জলবায়ু পরিবর্তন প্রশমন ও অভিযোজন কর্মসূচিতে 21 মিলিয়ন মার্কিন ডলার।

স্টেটের পার্ক: নিউ ইয়র্ক ওয়ার্কস প্রোগ্রামে (New York Works Program) রয়েছে স্টেটের পার্ক পুনর্বাসনে 110 মিলিয়ন মার্কিন ডলার, যা নিউ ইয়র্কের পার্কের জন্য ক্যাপিটাল ডলারের আধান অব্যাহত রাখলো।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) অবকাঠামোগত বিনিয়োগসমূহ: অ্যাডভেঞ্চার নিউ ইয়র্ক উদ্যোগ অব্যাহত রাখার জন্য DEC-কে 55 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে: যেখানে জনসাধারণের অ্যাক্সেস প্রকল্প শিকারি, ছিপ দিয়ে মাছ শিকারি, পাখি পর্যবেক্ষক এবং অন্যান্য আউটডোর উদ্যমী ব্যক্তিদের স্টেটের মালিকানাধীন কাজে লাগছে না এমন ভূমি ব্যবহার করতে পারার সুযোগ বৃদ্ধি করার মতো প্রকল্পসহ একাধিক ক্যাপিটাল প্রয়োজন সমাধান করে। এছাড়াও নতুন তহবিল স্বাস্থ্য ও বাঁধ, জলাভূমি পুনঃস্থাপন, স্টেটের ভূমি, মাছ হ্যাচারি এবং অন্যান্য স্টেট পরিকাঠামোর নিরাপত্তা মেরামতের জন্য বিনিয়োগ করবে।

চিড়িয়াখানা, বোটানিক্যাল গার্ডেন এবং অ্যাকোয়ারিয়া (Zoos, Botanical Gardens, and Aquaria, ZBGA): অনুমোদিত বাজেটে 2019-20 সালে ZBGA এর স্টেটব্যাপী 16 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ রেখেছে। যদিও 2019 সালের ZBGA পুরস্কারসমূহ এখনো নির্ধারিত হয়নি, 2018 সালে নিচের লং আইল্যান্ড চিড়িয়াখানা, বোটানিক্যাল গার্ডেন এবং অ্যাকোরিয়ামসমূহ এই কর্মসূচি থেকে 390,000 মার্কিন ডলারের বেশি অনুদান লাভ করেছে:

- সেটোকেট-স্মিথটাউন ইনকর্পোরেশন (Setauket-Smithtown, Inc.) এর পরিবেশ কেন্দ্রসমূহ
- ফ্রেন্ডস অব বেইলি আরবোরেটাম (Friends of Bailey Arboretum)
- ফ্রেন্ডস অব কোল্ড স্প্রিং হারবার ফিশ হ্যাচারি এন্ড অ্যাকোয়ারিয়াম (Friends of the Cold Spring Harbor Fish Hatchery and Aquarium)
- পুরোনো ওয়েস্টবারি বাগান (Old Westbury Gardens)
- সামুদ্রিক গবেষণা ও সংরক্ষণের জন্য রিভারহেড ফাউন্ডেশন (Riverhead Foundation for Marine Research and Preservation)
- সাউদ্যাম্পটন টাউনশিপ ওয়াইল্ডফাউল অ্যাসোসিয়েশন (Southampton Township Wildfowl Association)
- ওয়ার্ড মেলভিল হেরিটেজ সংস্থা (Ward Melville Heritage Organization)
- ব্রুকহাভেন টাউন
- উত্তর হ্যাম্পস্টিড টাউন
- স্মিথটাউন টাউন
- বন্যপ্রাণী স্বেচ্ছাসেবক ইনকর্পোরেশন (Volunteers for Wildlife, Inc.)

মিউনিসিপ্যাল পার্কসমূহ: এছাড়াও EPF এ পুরো স্টেটের মিউনিসিপ্যাল পার্কের জন্য 2019-20 সালে 19.5 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে। যদিও 2019 সালের পুরস্কার এখনো নির্ণয় করা হয়নি, 2018 সালে নিচের লং আইল্যান্ড প্রতিষ্ঠান ও স্থানীয়রা এই কর্মসূচি থেকে 1.6 মিলিয়ন মার্কিন ডলার অনুদান লাভ করেছে:

- ওল্ড ওয়েস্টবারি গার্ডেনস, ইনকর্পোরেশন (Old Westbury Gardens, Inc.)
- রোজলিন ল্যান্ডমার্ক সোসাইটি (Roslyn Landmark Society)
- প্ল্যানটিং ফিল্ডস ফাউন্ডেশন (Planting Fields Foundation)
- কমসেট ফাউন্ডেশন ইনকর্পোরেশন (The Caumsett Foundation, Inc.)
- সেল্টার আইল্যান্ড টাউন (Town of Shelter Island)

আইন সভার প্রথম 12 সপ্তাহে নিউ ইয়র্ক স্টেট নিম্নোক্ত ল্যান্ডমার্ক অর্জনসমূহের ক্ষেত্রে ঐতিহাসিক অগ্রগতি অর্জন করে:

- প্রজনন স্বাস্থ্য আইন
- সামগ্রিক গর্ভনিরোধক সুরক্ষা আইন
- লাল পতাকা বিল
- বাম্প স্টক নিষিদ্ধ
- ব্যাকগ্রাউন্ড চেক অপেক্ষার সময় বৃদ্ধি
- সবুজ নতুন চুক্তি (Green New Deal) শুরু করা
- সীমিত দায় কোম্পানি (Limited Liability Company, LLC) লুপহোল বন্ধ করা
- ফেডারেল এবং স্টেট নির্বাচনের মধ্যে সমন্বয়
- অপ্রাপ্তবয়স্কদের জন্য প্রাক-নিবন্ধন
- আগাম ভোট দেওয়া
- নিবন্ধনের সার্বজনীন স্থানান্তর
- আগাম অজুহাতহীন অনুপস্থিত ভোটিং
- আগাম একই-দিনের নিবন্ধন
- শিশু নির্যাতন দমন আইন
- লিঙ্গ প্রকাশ অবৈষম্য আইন
- রূপান্তর থেরাপি নিষিদ্ধ করা
- রিভেঞ্জ পর্ন নিষিদ্ধ
- পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিদের ন্যায়বিচারের আইন প্রণয়ন
- কর্মক্ষেত্রে বুকের দুধ খাওয়ানোর ক্ষেত্রে সুরক্ষা শক্তিশালীকরণ

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন